

পশ্চিম মেদিনীপুরে ১০০ জন হোমগার্ড নিয়োগের বিজ্ঞপ্তি

নিজস্ব প্রতিনিধি, মেদিনীপুর: যান চলাচল নিয়ন্ত্রণের জন্য জেলার বিভিন্ন থানা এলাকায় প্রায় ১০০জন চুক্তিভিত্তিক হোমগার্ড নিয়োগ করতে চলেছে পশ্চিম মেদিনীপুর জেলা পুলিশ। বিভিন্ন থানার তরফে ইতিমধ্যেই বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। আগামী ১৭ ফেব্রুয়ারির মধ্যে ইচ্ছুক প্রার্থীদের নিজেদের থানায় গিয়ে আবেদনপত্র জমা দিতে বলা হয়েছে। জেলার পুলিশ সুপার দীনেশ কুমার বলেন, আমরা বিজ্ঞপ্তি প্রকাশ করেছি। জেলার বিভিন্ন থানা এলাকায় এই নিয়োগ হবে। জেলার পাশাপাশি অন্য জেলার প্রার্থীরাও চাইলে আবেদন করতে পারেন।

জেলা পুলিশ সূত্রে খবর, আগামী মার্চ থেকে জুন মাস পর্যন্ত চার মাসের জন্য চুক্তিভিত্তিক হোমগার্ড নিয়োগ করবে জেলা পুলিশ। দৈনিক ৫৬৫ টাকা করে বেতন দেওয়া হবে।

কোতয়ালি, শালবনী, খড়গপুর লোকাল, ডেবরা, দাঁতন সহ মোট আটটি থানায় এই নিয়োগ হবে। চাকরিতে আবেদনের জন্য ন্যূনতম যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ হতে হবে। ১৮ থেকে ৪০ বছর বয়সি পুরুষ ও মহিলারা আবেদন করতে পারবেন। শারীরিক মাপযোগ, দৌড় এবং লিখিত পরীক্ষার মাধ্যমেই যোগ্য প্রার্থীদের বেছে নেওয়া হবে। আবেদনকারীর বাংলা লিখতে ও বলতে পারা বাধ্যতামূলক। ইচ্ছুক প্রার্থীদের তাঁদের নিজেদের থানায় আবেদনপত্রের সঙ্গে ভোটার কার্ড, আধার কার্ড সাহা বিভিন্ন নথি জমা করতে বলা হয়েছে। পুরুষদের আবেদনের জন্য ন্যূনতম উচ্চতা ১৬০ সেমি, ন্যূনতম ওজন ৫১ কেজি হতে হবে। মহিলাদের ক্ষেত্রে ন্যূনতম উচ্চতা ১৫২ কেজি এবং ওজন ৪৪ কেজি হওয়া বাধ্যতামূলক।